রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ১৬, ২০২৪**

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**সামাজিক নিরাপত্তা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ আষাঢ়, ১৪৩১/১১ জুলাই, ২০২৪

নং ৪১.০০.০০০০.০২৩.৩২.০০৯.২১.৩৯২—দেশে দরিদ্র পরিবারের পিতৃহীন, মাতৃহীন ও পিতৃ-মাতৃহীন এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর লালন-পালন ও উন্নয়নের লক্ষ্যে বেসরকারি পর্যায়ে স্থাপিত এতিমখানা/সংস্থা/আশ্রমসমূহ স্থানীয় সম্পদ আহরণ এবং বিভিন্ন ধরনের দান-অনুদান সংগ্রহের মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। এ ধরনের বেসরকারি প্রতিষ্ঠানকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর বিগত ষাটের দশক থেকে মাথা পিছু মাসিক ৩৬০/- হারে আর্থিক অনুদান/সহায়তা প্রদান করে থাকে যা ক্যাপিটেশন গ্র্যান্ট হিসেবে পরিচিত। ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও ব্যবহারের ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিতকরণ, স্বচ্ছতা আনয়ন এবং সমন্বয় সাধনের স্বার্থে একটি সুনির্দিষ্ট নীতিমালার প্রয়োজন বিধায় ২০১৫ সালে প্রণীত নীতিমালাটি সংশোধনপূর্বক “ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা-২০২৪” জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ছরোয়ার হোসেন**
যুগ্মসচিব (কার্যক্রম) ।



**মূল্য :** টাকা ২৪.০০

## ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা-২০২৪

# Implementation Manual for Capitation Grant Distribution-2024

**০১. প্রেক্ষাপট:**

দেশে দরিদ্র পরিবারের পিতৃহীন, মাতৃহীন ও পিতৃ-মাতৃহীন এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর লালন-পালন ও উন্নয়নের লক্ষ্যে বেসরকারি পর্যায়ে স্থাপিত এতিমখানা/সংস্থা/আশ্রমসমূহ স্থানীয় সম্পদ আহরণ এবং বিভিন্ন ধরনের দান-অনুদান সংগ্রহের মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। এ ধরনের বেসরকারি প্রতিষ্ঠানকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর বিগত ষাটের দশক থেকে মাথা পিছু মাসিক ৩৬০/- হারে আর্থিক অনুদান/সহায়তা প্রদান করে থাকে যা ক্যাপিটেশন গ্র্যান্ট হিসেবে পরিচিত। ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও ব্যবহারের ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিতকরণ, স্বচ্ছতা আনয়ন এবং সমন্বয় সাধনের স্বার্থে একটি সুনির্দিষ্ট নীতিমালার প্রয়োজন বিধায় একটি নীতিমালা প্রণয়ন করা হলো।

**০২. এতিমের সংজ্ঞা:**

১৯৪৪ সালের এতিমখানা ও বিধবা সদন আইনের ধারা-২ এ (৩) অনুযায়ী 'এতিম' বলিতে ১৮ বছরের কম বয়স্ক বালক-বালিকাকে বুঝাইবে, 'যিনি পিতৃহীন, অথবা পিতা-মাতা বা আইনগত অভিভাবক কর্তৃক পরিত্যক্ত হয়েছে'।

**এই নীতিমালায়,**

২.(ক) এতিম বলতে

১. পিতৃহীন, মাতৃহীন বা পিতৃমাতৃহীন শিশু;

২. পিতা-মাতার মধ্যে সম্পর্কচ্ছেদের কারণে যে কোনো একজনের গৃহে অবস্থানকারী শিশু; এবং

২.(খ) শিশু আইন ২০১৩ এর ৮৯ ধারায় এ বর্ণিত সুবিধাবঞ্চিত শিশু (পরিশিষ্ট-৮)।

০৩. ক্যাপিটেশন গ্র্যান্টের সংজ্ঞা:

সমাজসেবা অধিদফতরের নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তিকৃত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের ভরণ-পোষণ ও শিক্ষা, প্রশিক্ষণের মাধ্যমে সমাজে পুনর্বাসনের লক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত হারে মাথা পিছু প্রদত্ত অনুদান ক্যাপিটেশন গ্র্যান্ট হিসেবে গণ্য হবে।

০৪. ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্য:

বেসরকারিভাবে পরিচালিত নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক সামর্থ্য বৃদ্ধির মাধ্যমে এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের ভরণ-পোষণ ও শিক্ষা, প্রশিক্ষণের মাধ্যমে সমাজে পুনর্বাসন করে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণে সহযোগিতা প্রদান।

০৫. প্রতিষ্ঠানে শিশু ভর্তি পদ্ধতি:

ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানে এতিম ও সুবিধাবঞ্চিত শিশু ভর্তির জন্য নির্ধারিত ভর্তির আবেদন ফরম থাকতে হবে। ভর্তির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই

পূর্বক ভর্তির নিমিত্তে সংশ্লিষ্ট উপজেলার নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যানকে উপদেষ্টা করে নিম্নবর্ণিত ভর্তি কমিটি থাকবে এবং ভর্তি কমিটির সর্বসম্মত সিদ্ধান্তক্রমে প্রতিষ্ঠানে ভর্তি করা হবে।

ভর্তি কমিটির রূপরেখা:

(ক) উপজেলা/উপজেলা পর্যায়ে অবস্থিত শহর সমাজসেবা কার্যালয়ের আওতাধীন বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট উপজেলার নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান | : | উপদেষ্টা |
| ২. | সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | আহবায়ক |
| ৩. | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি | : | সদস্য |
| ৪. | উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি | : | সদস্য |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) এর প্রতিনিধি | : | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মহিলা মেম্বার/কাউন্সিলর | : | সদস্য |
| ৭. | সাধারণ সম্পাদক/সুপারিনটেনডেন্ট, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | সদস্য-সচিব |

(খ) শহর সমাজসেবা কার্যালয়ের আওতাধীন বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি কমিটি: ( জেলা পর্যায়)

| | | | |
|---|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর | : | উপদেষ্টা |
| ২. | সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | আহবায়ক |
| ৩. | সংশ্লিষ্ট শহর সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি | : | সদস্য |
| ৪. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার প্রতিনিধি (জেলা পর্যায়ের জন্য) | : | সদস্য |
| ৫. | জেলা প্রাথমিক/ শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি (জেলা পর্যায়ের জন্য) | : | সদস্য |
| ৬. | স্থানীয় সরকারি হাসপাতালের একজন প্রতিনিধি | : | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মহিলা সদস্য | | সদস্য |
| ৮. | সাধারণ সম্পাদক/ সুপারিনটেনডেন্ট, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | সদস্য-সচিব |

(গ) শহর সমাজসেবা কার্যালয়ের আওতাধীন বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি কমিটি : (সিটি কর্পোরেশন/ মহানগর)

| | | | |
|---|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর | : | উপদেষ্টা |
| ২. | সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | আহবায়ক |
| ৩. | সংশ্লিষ্ট শহর সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি | : | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারি হাসপাতালের একজন প্রতিনিধি | : | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মহিলা কাউন্সেলর | : | সদস্য |
| ৬. | সাধারণ সম্পাদক/ সুপারিনটেনডেন্ট, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | : | সদস্য-সচিব |

নোট: উল্লিখিত কমিটির মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

০৬. কমিটির কার্যপরিধি:

১. এতিম ও সুবিধাবঞ্চিত এর সংজ্ঞায় বর্ণিত শিশুদের ভর্তিকরণ;

২. প্রতি ৪ মাসে ১টি সভা, বছরে কমপক্ষে ২টি সভাকরণ;

৩. ভর্তিকৃত নিবাসিদের স্বাস্থ্য, চিকিৎসা, খাদ্য, বস্ত্র ও নিরাপত্তা নিশ্চিতকরণ।

০৭. ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদন পদ্ধতি:

৭.১ স্থানীয় সমাজসেবা অফিসের মাধ্যমে নিবন্ধিত প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-১) আবেদন করতে হবে;

৭.২ আবেদন (ফরম পরিশিষ্ট-১) সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তার নিকট এ নীতিমালার ১০.১ নং ক্রমিকে বর্ণিত সময়সীমার মধ্যে দাখিল করতে হবে;

০৮. আবেদনপত্র প্রাপ্তির স্থান:

আবেদন ফরমসমূহ জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয়ে বিনামূল্যে পাওয়া যাবে এবং সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট হতেও সংগ্রহ করা যাবে।

০৯. ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির শর্তাবলি:

নিবন্ধিত বেসরকারি প্রতিষ্ঠানসমূহ নিম্নবর্ণিত শর্ত পূরণসাপেক্ষে ক্যাপিটেশন গ্র্যান্ট এর জন্য আবেদন করতে পারবে :

৯.১ অবশ্যই সমাজসেবা অধিদফতরের নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে।

৯.২ ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য অবশ্যই বেসরকারি প্রতিষ্ঠানকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর আবেদন দাখিল করতে হবে;

৯.৩ ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির ক্ষেত্রে প্রাথমিক/মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচি মোতাবেক শিক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত প্রতিষ্ঠানের শিশুদের স্থানীয় প্রাথমিক/ মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। পাঠ্যসূচি অনুযায়ী শিক্ষা গ্রহণের বিষয়টি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারকে লিখিতভাবে অবহিত করবে।

তাছাড়া সরকারি/বেসরকারি সহযোগিতায় কারিগরী শিক্ষা বোর্ডের কারিকুলাম অনুযায়ী নিবাসিদেরকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৪ প্রতিষ্ঠানে অবস্থানরত প্রত্যেক এতিম ও সুবিধাবঞ্চিত নিবাসির জন্য পৃথক পৃথক পৌর মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।

৯.৫ আবেদনকারী নতুন বেসরকারি প্রতিষ্ঠানকে ১ম কিস্তির বরাদ্দ প্রাপ্তির জন্য জুলাই মাসের পূর্বে এবং ২য় কিস্তির বরাদ্দ প্রাপ্তির জন্য জানুয়ারি মাসের পূর্বে নিবন্ধিত হতে হবে। বেসরকারি প্রতিষ্ঠানসমূহ নিবন্ধনের তারিখ থেকে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তি যোগ্যতা অর্জন করবে;

৯.৬ ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনকারী প্রতিষ্ঠান এতিম ও সুবিধাবঞ্চিত প্রতিপালনের জন্য নিজস্ব জায়গায় উপযোগী পরিবেশে নির্মিত অবকাঠামো এবং স্থাবর, অস্থাবর সম্পত্তিসহ এতিম ও দুস্থদের চিত্ত বিনোদনের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা থাকতে হবে;

৯.৭ ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনকারী বেসরকারি প্রতিষ্ঠানসমূহে একটি ভর্তি রেজিস্টার থাকতে হবে যাতে নিবাসী এতিমদের ছবিসহ সার্বিক তথ্য সংরক্ষিত থাকবে। ভর্তি রেজিস্টারগুলি সমাজসেবা অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার থেকে বাৎসরিক ভিত্তিতে প্রত্যয়ন করতে হবে;

৯.৮ নিবন্ধিত ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি সকল প্রতিষ্ঠানকে যথানিয়মে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন ও প্রদর্শন করতে হবে। একই সাথে শিশুদের শরীর চর্চা ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।

৯.৯ সকল প্রতিষ্ঠানে বৃত্তিমূলক প্রশিক্ষণ চালু করতে হবে এবং চালুকৃত প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রাখতে হবে;

৯.১০ সংশ্লিষ্ট শহর/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তা/ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়ের সুপারিশ ব্যতীত সরাসরি আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হবে না;

৯.১১ আবেদনকৃত প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত মানসম্মত সাধারণ শিক্ষার পাশাপাশি নৈতিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের ব্যবস্থা থাকতে হবে;

৯.১২ এতিমের সংজ্ঞায় বর্ণিত শিশুদের মধ্যে কমপক্ষে ১০ জন শিশু অবস্থান করছে শুধু এরুপ প্রতিষ্ঠান ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদন করতে পারবে;

৯.১৩ অনুমোদিত গঠনতন্ত্রের আলোকে কার্যকরী পরিষদ নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;

৯.১৪ ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের পূর্ববর্তী বছরের অডিট প্রতিবেদন দাখিল করতে হবে;

৯.১৫ পূর্ববর্তী বছরের শিক্ষা ও পুনর্বাসন সংক্রান্ত পৃথক পৃথক প্রতিবেদন সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ে দাখিল করতে হবে;

৯.১৬ বেসরকারি প্রতিষ্ঠানে সকল প্রকার মালামাল এবং দান-অনুদান (নগদ/দ্রব্যাদি) রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। দান প্রদানকারীর নাম ঠিকানাসহ এবং বাৎসরিক ভিত্তিতে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার দ্বারা নিরীক্ষা করাতে হবে;

৯.১৭ শিশু আইন অনুযায়ী শিশু অধিকার নিশ্চিতকরণসহ শিশুদের উপর সকল প্রকার বৈষম্য দূর করতে হবে।

৯.১৮ সমাজসেবা অধিদফতর কর্তৃক ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল বেসরকারি প্রতিষ্ঠানে প্রচার এর লক্ষ্যে প্রতিষ্ঠানের সাইন বোর্ডে ''সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতরের ক্যাপিটেশন গ্র্যান্ট/অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান, আর্টিক্যালটি অন্তর্ভুক্ত করে উন্মুক্ত স্থানে প্রদর্শন করতে হবে।

৯.১৯ বেসরকারি এতিমখানার পাশাপশি সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত যে সকল সংস্থা/আশ্রমে এতিম ও সুবিধাবঞ্চিত নিবাসি প্রতিপালিত হয়, সে সকল সংস্থা/ আশ্রম ক্যাপিটেশন গ্র্যান্টের আওতায় আসবে;

৯.২০ ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিম ও সুবিধাবঞ্চিত নিবাসিদের (ছবি) সম্বলিত তালিকা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয় ও প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রতি বছর উক্ত তালিকা হালনাগাদ করতে হবে;

৯.২১ সাধারণ ও কাযনির্বাহী পরিষদের সভা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গঠনতন্ত্র অনুযায়ী নিয়মিত করতে হবে;

৯.২২ ১৮ বছর বয়সোর্ধ্ব কোনো এতিম ও সুবিধাবঞ্চিত ব্যক্তি ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য বিবেচিত হবে না;

১০. ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনপত্র দাখিলের সময়সীমা:

১০.১ প্রত্যেক অর্থ বছরে উপজেলা সমাজসেবা কার্যালয়ে/শহর সমাজসেবা কার্যালয়ে (পরিশিষ্ট-১ অনুযায়ী) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ৩১ জুলাই;

১০.২ প্রত্যেক অর্থ বছরে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় থেকে জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের শেষ তারিখ ১০ আগস্ট (ফরম, পরিশিষ্ট- ৩ অনুযায়ী);

১০.৩ প্রত্যেক অর্থ বছরে জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে প্রেরণের শেষ তারিখ ২০ আগস্ট; (ফরম, পরিশিষ্ট - ৩ অনুযায়ী)

১০.৪ প্রত্যেক অর্থ বছরে বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃক সমাজসেবা অধিদফতরে প্রেরণের শেষ তারিখ ৩১ আগস্ট; (ফরম, পরিশিষ্ট - ৪ অনুযায়ী);

১০.৫ সমন্বিত প্রতিবেদন এর সাথে প্রাপ্ত আবেদন পরিশিষ্ট-১ ও জরিপ ফর্ম পরিশিস্ট- ২ সংযুক্ত করতে হবে;

১০.৬ নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য বিবেচিত হবে না;

১০.৭ সমাজসেবা অধিদফতর কর্তৃক আবেদনপত্র মন্ত্রণালয়ে প্রেরণের শেষ তারিখ প্রতি অর্থ বছরের ৩০ সেপ্টেম্বর; (ফরম, পরিশিষ্ট -৫ অনুযায়ী);

১০.৮ ক্যাপেটেশন গ্র্যান্টের জন্য আবেদন ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি অনলাইনেও করা যাবে, তবে সেবা/কার্যক্রমটি সম্পূর্ণরূপে অনলাইনভিত্তিক চালু করা হলে সে অনুযায়ী অনলাইনে/ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে হবে।

১১. সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত স্টিয়ারিং কমিটি:

| | | | |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | উপদেষ্টা |
| ২. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | আহবায়ক |
| ৩. | অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সামাজিক নিরাপত্তা), সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর | : | সদস্য |
| ৭. | পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর | : | সদস্য |
| ৮. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নহে), অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নহে), স্বাস্থ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর | : | সদস্য-সচিব |

১১. কর্মপরিধি

১১.১ নীতিমালা প্রণয়ন/সংশোধন এবং প্রয়োজনে, সুপারিশ ও দিক-নির্দেশনা প্রদান;

১১.২ কাযক্রম সম্পর্কে সময় সময় তাদের নিকট হতে প্রতিবেদন আহবান এবং তাদের কাযক্রমের সমন্বয় সাধনের জন্য প্রয়োজনে সমন্বয় সভার আয়োজন;

১১.৩ ছেলে শিশু প্রতিষ্ঠানে মোট এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর ৫০% এর অধিক ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত প্রদান;

১১.৪ মেয়ে শিশু প্রতিষ্ঠানে মোট এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর ৭৫% এর অধিক ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত প্রদান;

১২. সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বণ্টন কমিটি:

মন্ত্রণালয়ে ক্যাপিটেশন গ্র্যান্ট বন্টনের জন্য গঠিত কমিটি নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম, মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর | : | সদস্য |
| ৪. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সামাজিক নিরাপত্তা শাখা) | : | সদস্য সচিব |

১৩. কর্মপরিধি:

১৩.১ সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাব অনুযায়ী সভার মাধ্যমে ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও মঞ্জুরির সুপারিশ প্রদান; (ফরম, পরিশিষ্ট-৬ অনুযায়ী)

১৩.২ প্রস্তাবিত সংশ্লিষ্ট এতিমখানায়/সংস্থ্য় প্রতিবেদন ছক পরিশিষ্ট-৬ এ উল্লিখিত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর মোট সংখ্যার ৫০%(পঞ্চাশ ভাগ) ক্যাপিটেশন গ্র্যান্ট বিবেচনায় আনয়ন। প্রয়োজনে বিশেষ বিবেচনায় এ সংখ্যা কম বেশি করা যাবে;

১৩.৩ বালিকা এতিমখানা/সংস্থার প্রতিবেদন ছক পরিশিষ্ট -৬ এ উল্লিখিত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর মোট সংখ্যার ৭৫% (পঁচাত্তর ভাগ) ক্যাপিটেশন গ্র্যান্ট বিবেচনায় আনয়ন। প্রয়োজনে বিশেষ বিবেচনায় এ সংখ্যা কম বেশি করা যাবে;

১৩.৪ নিবন্ধিত প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দের ক্ষেত্রে অনুন্নত, পশচাৎপদ, প্রাকৃতিক দুর্যোগ কবলিত এলাকাকে অগ্রাধিকার প্রদান;

১৩.৫ ক্যাপিটেশন গ্র্যান্ট সংক্রান্ত বিভিন্ন বিষয় পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদান;

১৩.৬ প্রতি ৩ (তিন) মাস অন্তর ক্যাপিটেশন গ্র্যান্ট কার্যক্রম পর্যালোচনা;

১৩.৭ ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত প্রতিষ্ঠান পরিদর্শন ও তদারকি;

১৩.৮ ক্যাপিটেশন গ্র্যান্ট বিষয়ে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

১৩.৯ কমপক্ষে ১০ জন শিশু অবস্থান করছে এমন প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচনা;

১৩.১০ ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠানের বিরুদ্ধে বা ঐরূপ প্রতিষ্ঠানের জন্য প্রতিবেদন প্রদানকারী বা সুপারিশকারী কর্মকর্তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়া গেলে তা তদন্ত করা এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ বা বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ/প্রস্তাব প্রেরণ;

১৩.১১ প্রত্যেক অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্ট খাতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ ০২ (দুই) ধাপে (জুলাই হতে ডিসেম্বর এবং জানুয়ারি হতে জুন) বরাদ্দ ও মঞ্জুরি প্রদান।

১৪. উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ের আওতাধীন প্রাপ্ত ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানা/প্রতিষ্ঠানের মনিটরিং এর জন্য নিম্নরূপ মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ২. | উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | : | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | : | সদস্য |
| ৫. | উপজেলা সমাজসেবা অফিসার | | সদস্য-সচিব |

১৫. সিটি কর্পোরেশন/মহানগর/জেলা পর্যায়ে পৌরসভার জন্য নিম্নরূপ মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের মনোনিত প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসকের নিচে নহে) | : | সভাপতি |
| ২. | সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | : | সদস্য |
| ৩. | জেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৪. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি (মহানগরের জন্য) | : | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | : | সদস্য |
| ৬. | শহর সমাজসেবা অফিসার (সংশ্লিষ্ট ইউসিডি) | : | সদস্য সচিব |

১৬. কর্মপরিধি:

১৬.১ এতিমখানা/প্রতিষ্ঠানে অবস্থানরত এতিম ও সুবিধাবঞ্চিতদের প্রাথমিক, মাধ্যমিক বা উচ্চতর স্তরে ভর্তি, শিক্ষা-প্রশিক্ষণ ও তাদের সার্বিক মানোন্নয়নের বিষয়ে মনিটরিং করা।

১৬.২ কমিটি প্রতি ৪ (চার) মাসে একটি সভা আহবান করবেন এবং মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর মাধ্যমে জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করা।

১৬.৩ মনিটরিং কমিটির সভার আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটি'র সভায় উপস্থাপন করা।

১৬.৪ উপজেলা মনিটরিং কমিটি ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটি'র সভায় উপস্থাপন করা।

১৬.৫ উপজেলা ও জেলা পর্যায়ের সভার কার্যবিবরণী, সিদ্ধান্ত এবং সুপারিশসমূহ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর প্রেরণ করবে।

১৭. প্রতিষ্ঠানে মালামাল ক্রয় ও বিতরণ:

১৭.১ প্রতিষ্ঠানের মালামাল ক্রয়ের জন্য ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি কমিটি থাকবে। প্রতিষ্ঠানের কার্যনির্বাহী কমিটি উক্ত কমিটি গঠন করবেন। তত্ত্বাবধায়ক ক্রয়কৃত মালামালের হিসাব কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন এবং অনুমোদন গ্রহণ করবেন। তিনি (তত্ত্বাবধায়ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালামাল ক্রয়, মজুদ এবং হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন এবং এতদসংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করবেন;

১৭.২ ক্যাপিটেশন গ্র্যান্ট বণ্টন এর বিভাজন অনুযায়ী প্রত্যেক উপখাতের অনুকূলে অর্থ ব্যয় করতে হবে; এবং

১৭.৩ কোন ভাবেই উপখাতের অনুকূলে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।

১৮. ক্যাপিটেশন গ্র্যান্ট এর হিসাব সংরক্ষণ ও বিল অনুমোদন পদ্ধতি:

১৮.১ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক কর্তৃক প্রস্তুতকৃত খরচের হিসাব এতিমখানার কার্যনির্বাহী পরিষদের সভায় যথাযথভাবে যাচাই-বাছাই করার জন্য উপস্থাপন করতে হবে এবং অনুমোদন গ্রহণ করতে হবে;

১৮.২ উপজেলায় পর্যায়ে অবস্থিত প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক/সুপারিনটেনডেন্ট কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত রেজুলেশনসহ খরচের বিল ভাউচার সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়ে দাখিল করবেন। দাখিলকৃত ভাউচারগুলি উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে কেবল বিলে স্বাক্ষর প্রদানপূর্বক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসে দাখিল করতে হবে;

১৮.৩ পৌরসভা এবং সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক /সুপারিনটেনডেন্ট কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত রেজুলেশনসহ খরচের বিল ভাউচার সংশ্লিষ্ট শহর সমাজসেবা কার্যালয় দাখিল করবেন। দাখিলকৃত ভাউচারগুলি শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে কেবল বিলে স্বাক্ষর প্রদানপূর্বক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসে দাখিল করতে হবে;

১৮.৪ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক /সুপারিনটেনডেন্ট কর্তৃক অনুমোদিত উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ে দাখিলকৃত খরচের বিলের পেছনে দাবিকৃত অর্থ ''বেসরকারি প্রতিষ্ঠানে ক্যাপিটেশন গ্র্যান্ট'' শিরোনামে পরিচালিত সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করা হউক সংক্রান্ত সীল দিতে হবে। এ জন্য স্থানীয় তফসিলভুক্ত ব্যাংকে উল্লিখিত শিরোনামে চলতি হিসাব খুলতে হবে। উক্ত হিসাবের পরিচালক হবেন সংশ্লিস্ট দায়িত্ব প্রাপ্ত সমাজসেবা অফিসার।

যেমন: ১. বেসরকারি প্রতিষ্ঠানে ক্যাপিটেশন গ্র্যান্ট, উপজেলা সমাজসেবা কার্যালয়, সাভার, ঢাকা।

২. বেসরকারি প্রতিষ্ঠানে ক্যাপিটেশন গ্র্যান্ট, শহর সমাজসেবা কার্যালয়, ইউসিডি-১, ঢাকা।

১৮.৫ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক/সুপারিনটেনডেন্ট প্রাপ্ত ক্যাপিটেশন গ্র্যান্টের অর্থের হিসাব এবং ভাউচারসমূহ পরিচালনা কমিটির অনুমোদনসহ যথাযথভাবে সংরক্ষণ করবেন;

১৮.৬ সমাজসেবা কার্যালয় হতে প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য সুপারিশকৃত প্রতিবেদনে (নির্ধারিত ছক-পরিশিষ্ট-২) কোন তথ্য অসম্পূর্ণ বা ভুল উপস্থাপন করলে এবং যাচাই বাছাই ছাড়া বিল অনুমোদন করা হলে প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক /সুপারিনটেনডেন্ট দায়ী থাকবেন।

১৮.৭ জুন মাসের ৩০ তারিখের মধ্যে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী বিল পাশ নিশ্চিত করন।

১৮.৮ প্রতিষ্ঠান বরাবর দ্রুত চেক প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। চেক বিতরণ সম্ভব না হলে উত্তোলিত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করন।

১৮.৯ অর্থ বছর শেষে অব্যয়িত অর্থ সমর্পণ প্রতিবেদন আবশ্যিকভাবে ৫ জুলাই এর মধ্যে নির্ধারিত ছকে সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। (পরিশিষ্ট-৭ অনুযায়ী)।

১৯. **ক্যাপিটেশন গ্র্যান্ট স্থগিত/বাতিলকরণ পদ্ধতি:**

১৯.১ ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত কোন প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্টের অর্থ ব্যবহারে অনিয়ম, তহবিল তসরূপ বা অন্য কোন অভিযোগ সমাজসেবা কর্মকর্তা, সহকারী পরিচালক (জেলা/সদর কার্যালয়), সমাজসেবা অধিদফতর, উপপরিচালক ( জেলা/সদর কার্যালয় ), সমাজসেবা অধিদফতর, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক বা জেলা প্রশাসকের কোন প্রতিনিধি (১ম শ্রেণির কর্মকর্তা) এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ১ম শ্রেণির বা তদুর্ধ কর্মকর্তা কর্তৃক তদন্তের পর অভিযোগ প্রমাণ হলে ক্যাপিটেশন গ্র্যান্ট বণ্টন ও বরাদ্দ কমিটি ক্যাপিটেশন গ্র্যান্ট বাতিল/স্থগিতের সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১৯.২ প্রতিষ্ঠানের গঠনতন্ত্রে মানসম্মত সাধারণ ও কারিগরি শিক্ষা প্রদানের ব্যবস্থা রাখার বিধান রাখতে হবে;

১৯.৩ প্রাথমিক/এবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি কিংবা পাঠ্যসূচি অনুযায়ী শিক্ষা গ্রহণ না করলে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রদান করা হবেনা;

১৯.৪ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, যুগ্মসচিব, উপসচিব এবং সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক ও পরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের এবং জেলা প্রশাসকের পরিদর্শনকালীন কোন অনিয়ম বা অব্যবস্থাপনা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক উক্ত প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট সাময়িকভাবে স্থগিত ঘোষণা করতে পারবেন এবং পরবর্তীতে যথাযথ পদ্ধতি অনুসরণ করে স্থায়ীভাবে ক্যাপিটেশন গ্র্যান্ট বাতিল/স্থগিত করতে পারবে;

১৯.৫ প্রতিষ্ঠান কিংবা কমিটি সংক্রান্ত কোন অভিযোগের প্রেক্ষিতে আদালতের স্থগিতাদেশ থাকলে ক্যাপিটেশন গ্র্যান্ট স্থগিত বা বাতিল করতে পারবে।

২০. প্রতিষ্ঠানের গঠনতন্ত্রে পৃষ্ঠপোষক হিসেবে মাননীয় সংসদ সদস্যকে রাখার বিধান:

ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং অর্থের স্বচ্ছ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য প্রধান পৃষ্ঠপোষক এবং সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্য প্রতিষ্ঠানের বিশেষ পৃষ্ঠপোষক হিসেবে থাকবেন। বিষয়টি নিশ্চিৎ করার জন্য প্রতিষ্ঠানের গঠনতন্ত্রে বিধান রাখতে হবে।

২১. নীতিমালা সংশোধন:

সরকারের অনুসৃত নীতির আলোকে এবং প্রয়োজনবোধে সমাজকল্যাণ মন্ত্রণালয় যে কোন সময় নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করে।

**মোঃ খায়রুল আলম সেখ**
সচিব।

পরিশিষ্ট-১

বরাবর
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তি / বৃদ্ধির আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, ................ অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তি / বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠানের তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য নিম্নে উপস্থাপন করা হলো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নাম | : | | | |
| ২ | প্রতিষ্ঠানের ধরন | | বালক | বালিকা | মিশ্র |
| ৩ | পূর্ণাঙ্গ ঠিকানা | | | | |
| ৪ | নিবন্ধন | | নম্বর: | তারিখ: | |
| ৫ | জমির পরিমাণ ও প্রাপ্তির উৎস | | | | |
| ৬ | প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির বিবরণ | | | | |
| ৭ | মোট নিবাসি সংখ্যা | | আবাসিক= জন | অনাবাসিক= জন | |
| ৮ | ধরন অনুযায়ী নিবাসি সংখ্যা | | বালক= | বালিকা= | মোট= |
| ৯ | ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবাসির সংখ্যা | | | | |
| ১০ | নিবাসি ভর্তি রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না | |
| ১১ | নিবাসি হাজিরা রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না | |
| ১২ | নিবাসি ছুটির রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না | |
| ১৩ | বিগত বছরে আয়ের পরিমাণ | | | | |
| ১৪ | গত ১ বছরের ব্যয় বিবরণী (পৃথক পত্র সংযুক্ত করা যেতে পারে) | | | | |
| ১৫ | বিল ভাউচার সংরক্ষণ আছে কিনা? | | হ্যাঁ | না | |
| ১৬ | বিগত অর্থবছরে অডিট করা হয়েছে কিনা? | | হ্যাঁ | না | |
| ১৭ | সর্বশেষ কমিটি অনুমোদনের তারিখ | | | | |
| ১৮ | দান-অনুদানের মজুদ রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | হিসাবসহ ব্যাংকের নাম | | | |
| ২০ | বিগত অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত নিবাসির ছবিসহ তালিকা সংযুক্ত | | হ্যাঁ | না |
| ২১ | নির্বাচিত স্থানীয় জন প্রতিনিধির সুপারিশ সংযুক্ত<br>(ইউপি চেয়ারম্যানের নীচে নয়) | | হ্যাঁ | না |

বর্ণিত তথ্যাদির আলোকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষর
সাধারণ সম্পাদক
সীল
মোবাইল নম্বর:

স্বাক্ষর
সভাপতি
সীল
মোবাইল নম্বর:

**‘প্রতিবেদন ছক’** **পরিশিষ্ট-২**

**ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির নিমিত্ত প্রতিষ্ঠান জরিপ ফর্ম**

| ক্রম | বিবরণ | | প্রাপ্ত তথ্য (হ্যাঁ/না ঘরে টিক চিহ্ন দিন) | | |
|---|---|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নাম | | | | |
| ২ | প্রতিষ্ঠানের ধরন | | বালক | বালিকা | মিশ্র |
| ৩ | পূর্ণাঙ্গ ঠিকানা | | | | |
| ৪ | নিবন্ধন সংক্রান্ত তথ্য | | নম্বর: | তারিখ: | |
| ৫ | ক্যা: গ্রান্ট প্রাপ্ত /আবেদনকৃত প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও প্রদর্শন করে কিনা | | হ্যাঁ | না | |
| ৬ | জাতীয় সঙ্গীত পরিবেশন করে কিনা? | | হ্যাঁ | না | |
| ৭ | জমির পরিমাণ ও প্রাপ্তির উৎস | | | | |
| ৮ | নীতিমালা অনুযায়ী দৃশ্যমান স্থানে সাইনবোর্ড লাগানো হয়েছে/আছে কিনা ? | | হ্যাঁ | না | |
| ৯ | নিবাসিদের আবাসিক ভবন সংক্রান্ত বর্ণনা | | | | |
| ১০ | পরিদর্শনকালে উপস্থিত শিশু সংখ্যা | | | | |
| ১১ | এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর কতজন আবাসিক, কতজন অনাবাসিক/বাড়ী থেকে খাবার গ্রহণ করে? | | আবাসিক: | অনাবাসিক: | অন্যান্য: |
| ১২ | প্রতিষ্ঠানে অবস্থানরত এতিম/দুস্থ শিশু মর্মে পৌর মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়ন/ সনদপত্র সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ আছে কিনা? | | হ্যাঁ | না | |

| ক্রম | বিবরণ | | প্রাপ্ত তথ্য (হ্যাঁ/না ঘরে টিক চিহ্ন দিন) | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | শিশুদের শিক্ষা সংক্রান্ত তথ্য | | প্রাথমিক /সমমান ... জন | মাধ্যমিক/ সমমান ... জন | অন্যান্য ...... জন | সর্বমোট ... জন |
| ১৪ | গত বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিম ও সুবিধাবঞ্চিত শিশু সংখ্যা (নতুন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়) | | ...................জন | | | |
| ১৫ | ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিম ও সুবিধাবঞ্চিত নিবাসিদের (ছবি) সম্বলিত হালনাগাদ তালিকা প্রতিষ্ঠানে সংরক্ষণ আছে কিনা? | | হ্যাঁ | | না | |
| ১৬ | বরাদ্দকৃত অর্থ ব্যয়ের খাতে সমূহ | | | | | |
| ১৭ | বিল ভাউচার সংরক্ষণ করা হয় কিনা? | | হ্যাঁ | | না | |
| ১৮ | অডিট রিপোর্ট সংরক্ষণ আছে কিনা? | | হ্যাঁ | | না | |
| ১৯ | কার্যকরী কমিটি নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কিনা? | | হ্যাঁ হলে অনুমোদনের তারিখ:<br>অনুমোদিত কমিটির মেয়াদ কত বছর: | | | |
| ২০ | সাধারণ ও কাযকরী পরিষদের সভা নিয়মিত হয় কিনা | | হ্যাঁ হলে সাধারণ পরিষদ সভার সংখ্যা:<br>ও কাযকরী পরিষদ সভা সংখ্যা : | | | |
| ২১ | সর্বশেষ সাধারণ ও কাযকরী পরিষদের সভার তারিখ | | | | | |
| ২২ | ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের বিবরণ (যদি থাকে) | | | | | |

| ক্রম | বিবরণ | | | প্রাপ্ত তথ্য (হ্যাঁ/না ঘরে টিক চিহ্ন দিন) | |
|---|---|---|---|---|---|
| ২৩ | প্রতিষ্ঠানের রেজিস্টার সংক্রান্ত তথ্য | | | | |
| | ক | নিবাসি ভর্তি রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | খ | নিবাসি হাজিরা রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | গ | নিবাসি ছুটি রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | ঘ | ইনডেন্ট রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | ঙ | শিক্ষা সংক্রান্ত রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | চ | প্রশিক্ষণ সংক্রান্ত রেজিস্টার আছে কিনা? | | হ্যাঁ | না |
| | ছ | দান-অনুদান প্রদানকারীর নাম ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করে কিনা ? | | হ্যাঁ | না |
| | জ | বাৎসরিক ভিত্তিতে অডিট নিরীক্ষা করে কিনা? | | হ্যাঁ | না |
| | ঝ | বিল রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না |
| | ঞ | ক্যাশ রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না |
| | ট | মজুদ রেজিস্টার আছে কিনা ? | | হ্যাঁ | না |

প্রতিস্বাক্ষর
উপপরিচালক
স্বাক্ষর ও সীল

উপজেলা/শহর সমাজসেবা অফিসার
স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট-৩

ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত সমন্বিত প্রস্তাব ‘ছক’
(উপজেলা/শহর ও জেলা কার্যালয়ে ব্যবহারের জন্য)

| ক্রমিক নং | জেলার নাম | সমাজসেবা কার্যালয়ের নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের ধরন | নিবন্ধন নম্বর ও তারিখ | বর্তমান শিশুর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ছেলে | মেয়ে | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

| স্কুলে ভর্তিকৃত শিশুর সংখ্যা | | | | বিগত অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা | বিগত অর্থ বছরে | | সন্তোষজনক/ অসন্তোষজনক | হ্রাস/ বৃদ্ধির প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক | মাধ্যমিক | সমমান | মোট | | ব্যয়িত অর্থ | অব্যয়িত অর্থ | | | |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

নোট: ছকটির ১৪ নং কলাম পূরণকালে বিগত অর্থ বছরের বরাদ্দপত্র অনুসরণ করতে হবে। কলাম নং ১৮ তে হ্রাস কিংবা বৃদ্ধির প্রস্তাব সুস্পস্ট করতে হবে।

পরিশিষ্ট-৪

**ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত সমন্বিত প্রস্তাব 'ছক'**
(বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে ব্যবহারের জন্য)

বিভাগের নাম:

| ক্রমিক নং | জেলার নাম | ইউসিডি/উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের ধরন | নিবন্ধন নম্বর ও তারিখ | বর্তমান শিশুর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ছেলে | মেয়ে | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

| স্কুলে ভর্তিকৃত শিশুর সংখ্যা | | | | বিগত অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা | বিগত অর্থ বছরে | | সন্তোষজনক/ অসন্তোষজনক | হ্রাস/ বৃদ্ধির প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক | মাধ্যমিক | সমমান | মোট | | ব্যয়িত অর্থ | অব্যয়িত অর্থ | | | |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

নোট: ছকটির ১৪ নং কলাম পূরণকালে বিগত অর্থ বছরের বরাদ্দপত্র অনুসরণ করতে হবে। কলাম নং ১৮ এ হ্রাস কিংবা বৃদ্ধির প্রস্তাব সুস্পষ্ট করতে হবে।

পরিশিষ্ট-৫

**ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিতব্য সমন্বিত প্রস্তাব 'ছক'**
(সমাজসেবা অধিদফতরে ব্যবহারের জন্য)

জেলার নাম :

| ক্রমিক নং | ইউসিডি/ উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের ধরন | বর্তমান শিশুর সংখ্যা | | | বিগত অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | সন্তোষজনক/ অসন্তোষজনক | হ্রাস/ বৃদ্ধির প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বালক | বালিকা | মোট | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

নোট: ছকটির ৮ নং কলাম পূরণকালে বিগত অর্থ বছরের বরাদ্দপত্র অনুসরণ করতে হবে। কলাম নং ১১ এ হ্রাস কিংবা বৃদ্ধির প্রস্তাব সুস্পষ্ট করতে হবে।

পরিশিষ্ট-৬

**ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত ‘ছক’**

(প্রশাসনিক মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য)

জেলার নাম :

| ক্রমিক নং | ইউসিডি/ উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের ধরন | বিগত অর্থ বছরে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা | বর্তমান শিশুর সংখ্যা | ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা | বরাদ্দকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

পরিশিষ্ট-৭

**অর্থ সমর্পণ প্রতিবেদন ‘ছক’**

জেলার নাম:

| ক্রমিক নং | উপজেলা/ ইউসিডির নাম | ...................অর্থ বছর | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত শিশুর সংখ্যা | ক্যাপিটেশন গ্র্যান্ট বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ব্যয়িত অর্থের পরিমাণ | অব্যয়িত অর্থের পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

**নমুনা প্রত্যয়ন পত্র**

**পরিশিষ্ট -৮**

## এতিম মর্মে প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, নাম............... পিতা:............... মাতা:............... গ্রাম/মহল্যা:....................... পোস্ট:................... থানা:............. জেলা:.......... তার পিতা/মাতা/পিতা-মাতা ............. তারিখ/সনে মৃত্যুবরণ করেছেন/ তার পিতা-মাতা পৃথক বসবাস করছেন। বর্তমানে তাকে প্রতিপালনের জন্য জনাব ...... অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করছেন। আমি তার ভবিষ্যৎ মঙ্গল কামনা করি।

স্বাক্ষর ও তারিখ
মেয়র/ চেয়ারম্যান/ কাউন্সিলর
সিল

## সুবিধাবঞ্চিত শিশু মর্মে প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, নাম............... পিতা:............ মাতা:............. গ্রাম/মহল্যা:....................... পোস্ট:................... থানা:............. জেলা:............. তার পরিবারের বার্ষিক আয় ............... টাকা। তার পিতা-মাতার আবাসস্থল ব্যতীত অন্য চাষের জমি নাই।

২. শিশুটির পিতা-মাতা বস্তিতে বাস করে/যাবজ্জীবন কারাভোগরত/নির্দিস্ট গৃহ /আবাসস্থল নেই। বর্তমানে তাকে প্রতিপালনের জন্য জনাব .................... অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করছেন। আমি তার ভবিষ্যৎ মঙ্গল কামনা করি।

স্বাক্ষর ও তারিখ
মেয়র/ চেয়ারম্যান/ কাউন্সিলর
সিল

**"সুবিধাবঞ্চিত শিশু"**

শিশু আইন ২০১৩ এর ধারা ৮৯ (১) অনুযায়ী নিম্নবর্ণিত শিশুগণ সুবিধাবঞ্চিত শিশু হিসাবে গণ্য হইবে, যথা:—

(ক) যে শিশুর মাতা-পিতার যেকোন একজন বা উভয় মৃত্যুবরণ করিয়াছে;

(খ) আইনানুগ বা বৈধ অভিভাবকহীন শিশু;

(গ) নির্দিষ্ট কোন গৃহ বা আবাসস্থলহীন এবং জীবনধারণের জন্য দৃশ্যমান অবলম্বনহীন কোন শিশু;

(ঘ) ভিক্ষাবৃত্তি বা শিশুর মঙ্গলের পরিপন্থী কোন কার্যে লিপ্ত শিশু;

(ঙ) কারাভোগরত মাতা-পিতার ওপর নির্ভরশীল বা কারাভোগরত মাতার সহিত কারাগারে অবস্থানরত শিশু;

(চ) যৌন নির্যাতন বা হয়রানির শিকার শিশু;

(ছ) যৌনবৃত্তি বা সমাজবিরোধী বা রাষ্ট্রবিরোধী কার্যে নিয়োজিত কোন ব্যক্তি বা অপরাধীর বাসস্থান বা কর্মস্থলে অবস্থানকারী বা গমনাগমনকারী শিশু;

(জ) যে কোন ধরনের প্রতিবন্ধী শিশু;

(ঝ) মাদক বা অন্য কোন কারণে অস্বাভাবিক আচরণগত সমস্যাযুক্ত শিশু;

(ঞ) অসৎ সঙ্গে পতিত বা নৈতিক অবক্ষয়ের সম্মুখীন হইতে পারে অথবা অপরাধ জগতে প্রবেশের ঝুঁকির সম্মুখীন শিশু;

(ট) বস্তিতে বসবাসকারী শিশু;

(ঠ) রাস্তা-ঘাটে বসবাসকারী গৃহহীন শিশু;

(ড) হিজড়া শিশু;

(ঢ) বেদে ও হরিজন শিশু;

(ণ) এইচআইভি-এইড্স এ আক্রান্ত (infected) বা ক্ষতিগ্রস্ত (affected) শিশু; অথবা

(ত) শিশু-আদালত বা বোর্ড কর্তৃক বিবেচিত কোন শিশু, যাহার বিশেষ সুরক্ষা, যত্ন-পরিচর্যা ও উন্নয়ন নিশ্চিত করা প্রয়োজন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[মূসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৬৩.১৪.৪১৩ তারিখ : ২৪ কার্তিক, ১৪২৭ / ০৯ নভেম্বর ২০২০

বিষয়ঃ বেসরকারি এতিমখানার ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দকৃত খোরপোষ ব্যয়/ভাতা থেকে ভ্যাট কর্তন বিষয়ে নির্দেশনা।

সূত্রঃ ৪১.০০.০০০০.০২৩.৯৯.১১২.১৯.১৪৫ তারিখ : ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বেসরকারি এতিমখানার ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দকৃত খোরপোষ ব্যয়/ভাতা থেকে ভ্যাট কর্তন বিষয়ে মতামত কামনা করা হয়েছে।

০২। পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের মূসক নীতি অনুবিভাগে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলের দ্বিতীয় খন্ড এর অনুচ্ছেদ-২ এর দফা (ঝ) অনুযায়ী 'সরকারি ও বেসরকারি এতিমখানা' সমাজ কল্যাণমূলক সেবা হিসেবে সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত। সুতরাং এতিমখানার ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দকৃত খোরপোষ ব্যয়/ভাতা মূল্য সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবে। বিষয়টি নির্দেশক্রমে জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাক্ষরিত
তারিখ: ০৯.১১.২০২০
[কাজী রেজাউল হাসান]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোন" ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপক:

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, সামাজিক নিরাপত্তা শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):**

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২-৩। সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/রাজশাহী/ রংপুর/যশোর/ সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

**তফসিল**

| তফসিল সমূহ | প্রথম তফসিল | ৯৫ |
|---|---|---|
| (ঝ) | মৎস, জলজপ্রাণী ও জলজসম্পদ সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত)। | |
| **২। সমাজ কল্যাণমূলক সেবা:** | | |
| (ক) | সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা; | |
| (খ) | বেসরকারি পর্যায়ে প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা; | |
| (গ) | সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ; | |
| (ঘ) | পরিবেশ দূষণরোধকারী কার্যক্রম; | |
| (ঙ) | ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন পুণর্বাসনমূলক কার্যক্রম; | |
| (চ) | ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম; | |
| (ছ) | বয়স্ক নিবাস/পুনর্বাসন কেন্দ্র ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান; | |
| (জ) | সরকারের অর্থায়নে পরিচালিত গবেষণা কার্যক্রম (কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত) | |
| (ঝ) | সরকারি ও বেসরকারি এতিমখানা। | |

| ৩। সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা: | |
|---|---|
| (ক) | রেডিও ও টেলিভিশন সম্প্রচার (ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও ও অডিও রেকর্ডিং সপ, বিজ্ঞাপনী সংস্থা, বিজ্ঞাপন প্রচারণা, উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী ব্যতীত); |
| [১](খ) | পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন, সরকারী গেজেট ছাপা, প্রকাশনা ও বিক্রয় (ছাপাখানা ও বাঁধাই সংস্থা ব্যতীত); |
| (গ) | শিল্পকর্ম, সাংস্কৃতিক কর্মকান্ড, অপেশাদারী খেলাধূলা, অপেশাদারী ক্রীড়া প্রতিযোগিতা (খেলাধুলার আয়োজক, চলচ্চিত্র ষ্টুডিও, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ও চলচ্চিত্র পরিবেশক ব্যতীত); |
| (ঘ) | লাইব্রেরী, সকল প্রকার যাদুঘর, আর্টগ্যালারী, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এর প্রবেশ মূল্য (ইজারাদার ব্যতীত); |
| (ঙ) | সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনকারী প্রতিষ্ঠান (কমিউনিটি সেন্টার, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজক, খেলাধুলার আয়োজক, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যতীত); |
| (চ) | শ্যুটিং ক্লাব, সকল প্রকার সামাজিক সাংস্কৃতিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব (ইজারাদার এবং হোটেল ও রেস্তোঁরা, ডেকোরেটরস ও ক্যাটারার্স, কমিউনিটি সেন্টার, মিষ্টান্ন ভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী, অডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, যে সকল সামাজিক ক্লাবের সদস্য ফি ১০০০০ টাকার উর্দ্ধে, ঐ সকল ক্লাব ব্যতীত); |
| (ঝ) | কৃষি পণ্য বা উদ্যান বা খামার, পশু-পাখি, মৎস্য, জলজ প্রাণী ও জলজ সম্পদ, বনজ প্রাণী ও বনজ সম্পদ, শিল্প, সাহিত্য, প্রযুক্তি, প্রকৌশল ইত্যাদি বিষয়ক মেলা ও প্রদর্শনীর প্রবেশ ফি (ইজারাদার এবং হোটেল ও রেস্তোঁরা, ডেকোরেটর ও ক্যাটারিং, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী এর সুবিধা প্রদান ব্যতীত)। |

[১] অর্থ আইন, ২০২০ এর ধারা ৭৯(খ) (অ) বলে প্রতিস্থাপিত।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd